"বিদ্যুৎ সাশ্রয় করি, সমৃদ্ধ দেশ গড়ি"

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং-২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২৫-৬৩৫

তারিখঃ ২০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা (কম/ বেশী) | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | অর্থনীতিবিদ<br>৳ ২২০০০-৫৩০৬০/=<br>(গ্রেড-০৯) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ২ | সহকারী প্রোগ্রামার<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-০৯) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার প্রকৌশল বা ইনফরমেশন এবং কমিউনিকেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>২) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য; ৩) কম্পিউটার প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড অ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(৪) কম্পিউটার সিস্টেম এনালাইসিসে দক্ষতা। |
| ৩ | ফোরম্যান (কারিগরী)<br>৳ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০৪ (চার) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি। |
| ৪ | নিরীক্ষক/অডিটর<br>৳ ১১০০০-২৬৫৯০/=<br>(গ্রেড-১৩) | ০৯ (নয়) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |
| ৫ | ভেহিক্যাল মেকানিক<br>৳ ৯৩০০-২২৪৯০/=<br>(গ্রেড-১৬) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে মোটর ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণে অন্যূন ১৫ (পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>২) স্বনামধন্য কোন ওয়ার্কশপে মোটর ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬ | স্টোর হেলপার<br>৳ ৮২৫০-২০০১০/=<br>(গ্রেড-২০) | ০৫ (পাঁচ) টি | অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) পণ্যাগার রক্ষণাবেক্ষণ, মালামাল প্রদান ও গ্রহণ, ইত্যাদি কাজে বাস্তব অভিজ্ঞতা। |

যুগান্তর

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত শর্তাবলী:**

০১। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১২-১০-২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩-১১-২০২৫ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা।

০২। ১২-১০-২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

০৩। মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় অনুযায়ী বাপবিবো'র সমাপ্ত প্রকল্পের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রকল্পের শেষ দিন পর্যন্ত সন্তোষজনকভাবে কর্মে নিয়োজিত ছিলেন তারা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তারা আইন অনুযায়ী বয়স শিথিলকরণ সুবিধা পাবেন।

০৪। পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদের জন্য ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং ৪ ও ৫ এ উল্লিখিত পদের জন্য ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ৬ এ বর্ণিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা আবেদন Submit করার পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

০৫। আবেদন ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েবসাইট www.reb.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

www.reb.gov.bd

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

০৫.১০.২৫

(শারমিন মাহমুদ)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯

বাপবিবো/জন (২৫১০-৩৪) ২০২৫-২০২৬

ডিপি-৭৩১/২৫ (১০.৫"×৪)